# প্রথম অধ্যায়: ব্যবসায় পরিচিতি

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶১** জনাব আলী একজন কৃষক। তিনি গ্রামের স্থানীয় একটি এনজিও থেকে ক্ষুদ্র ঋণ নিয়ে একটি ট্রাক্টর কিনেছেন। স্বল্প সময়ে মান উন্নত হওয়ায় পণ্য বিক্রি করে লাভবান হয়েছেন। তিনি ভাবছেন, যদি ট্রাক্টরের পাশাপাশি পণ্য বিক্রি ও বণ্টনের কাজে উন্নত প্রযুক্তির ব্যবহার করা যেত তাহলে মধ্যস্থ ব্যবসায়ীর হাত থেকে কৃষক সমাজ রক্ষা পেত। ◀ *শিখনফল-৮*

ক. ব্যবসায় পরিবেশ কী? ১
খ. সামাজিক প্রথা দেশের ব্যবসা-বাণিজ্যকে কীভাবে প্রভাবিত করে? ২
গ. জনাব আলীর নেওয়া ঋণটি ব্যবসায় পরিবেশের কোন উপাদানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. পণ্য বিক্রি ও বণ্টনের কাজে উন্নত প্রযুক্তি ব্যবহারের সার্থকতা ব্যাখ্যা করো। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় প্রতিষ্ঠানের গঠন, পরিচালনা, কার্যকারিতা ও নিয়ন্ত্রণ যেসব পারিপার্শ্বিক উপাদান দ্বারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রভাবিত হয় সেগুলোর সমষ্টিকে ব্যবসায় পরিবেশ বলে।

**খ** সামাজিক প্রথা হলো সমাজে প্রচলিত কিছু রীতি-নীতির সমষ্টি যা সকলেই মেনে চলে।
যেকোনো দেশের ব্যবসা-বাণিজ্যে সামাজিক প্রথা গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে। এর ওপর অনেকাংশেই নির্ভর করে একটি পণ্যের চাহিদা কেমন হবে। যেমন: আমাদের দেশের বিয়ের কনের লাল শাড়ি পরা একটি সামাজিক প্রথা। তাই বিয়ের শাড়ির ক্ষেত্রে ব্যবসায়ীরা সাদা গাউনের পরিবর্তে লাল শাড়িকেই বেশি প্রাধান্য দেয়। এ প্রথার বিরোধী হলে অনেক পণ্য বিক্রি না-ও হতে পারে। তাই সামাজিক প্রথা একটি দেশের ব্যবসা-বাণিজ্যের অন্যতম প্রভাবক।

**গ** জনাব আলীর নেওয়া ঋণটি ব্যবসায় পরিবেশের অর্থনৈতিক উপাদানের অন্তর্ভুক্ত।
সঞ্চয়, বিনিয়োগ, মূলধন, ঋণ, অর্থ ও ব্যাংকিং প্রভৃতি অর্থনৈতিক উপাদানের অন্তর্ভুক্ত। ব্যবসায় গঠনে এ উপাদানগুলো গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে।
উদ্দীপকের জনাব আলী পেশায় একজন কৃষক। তিনি গ্রামের স্থানীয় একটি এনজিও থেকে ক্ষুদ্র ঋণ নেন। ঋণের মাধ্যমে নেওয়া অর্থ দিয়ে তিনি একটি ট্রাক্টর কেনেন। এতে তার উৎপাদিত পণ্যের মান উন্নত হয়। তিনি ঋণ পাওয়ার মাধ্যমে আর্থিকভাবে সহায়তা পেয়েছেন। ফলে তিনি ট্রাক্টর কিনতে পেরেছেন। তাই বলা যায়, জনাব আলীর নেওয়া ঋণ ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশের আওতাভুক্ত।

**ঘ** উন্নত প্রযুক্তির ব্যবহার পণ্যের বিক্রি ও বণ্টনের কাজকে সহজ ও লাভজনক করে।
পণ্য বিক্রি ও বণ্টনের ক্ষেত্রে প্রযুক্তি ব্যবহার করলে সরাসরি ক্রেতা বা ভোক্তার সাথে যোগাযোগ করা যায়। এতে উৎপাদকের বেশি সময় প্রয়োজন হয় না। এছাড়া সরাসরি ভোক্তার সাথে সংযুক্ত হতে পারায় পণ্যের বণ্টন খরচ কমে যায়। এ উপায়ে উৎপাদক ও ভোক্তা উভয়ই লাভবান হন।
উদ্দীপকের জনাব আলী ঋণ নিয়ে একটি ট্রাক্টর কেনেন। এতে তার উৎপাদন কাজ সহজ হয়। তাই তিনি পণ্যের বিক্রি ও বণ্টনের কাজে উন্নত প্রযুক্তি ব্যবহারের কথা ভাবেন। তার ধারণা, প্রযুক্তির মাধ্যমে পণ্য বিক্রি ও বণ্টন করলে কৃষকরা মধ্যস্থ ব্যবসায়ীর হাত থেকে রক্ষা পাবে।
বর্তমানে অধিকাংশ কৃষি পণ্য মধ্যস্থ ব্যবসায়ীর মাধ্যমে বিক্রি হয়। এতে কৃষকরা তাদের ন্যায্যমূল্য পান না। অন্যদিকে ভোক্তাদের বেশি দামে পণ্য কিনতে হয়। এক্ষেত্রে সবচেয়ে লাভবান হন মধ্যস্থ ব্যবসায়ী। তাই উৎপাদিত পণ্য বিক্রি ও বণ্টনের ক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার সুফল আনতে পারে। এতে কৃষকরা সরাসরি ভোক্তাদের কাছে পণ্য বিক্রি করতে পারবেন। ফলে তারা নায্যমূল্য পাবেন। এছাড়া বণ্টনের খরচও কমে যাবে। ফলে উভয় পক্ষই লাভবান হবেন। অতএব, উন্নত প্রযুক্তির ব্যবহার পণ্যের বণ্টন ও বিক্রিকে সহজ করে তোলে।

**প্রশ্ন ▶২** জনাব মুকুল খান বরিশালের গৌরনদী উপজেলায় একটি মুরগির খামার স্থাপন করেন। তিনি তার এলাকার একজন সফল ব্যবসায়ী। তার খামারের উৎপাদিত ডিম নিজ এলাকা ছাড়াও অন্যান্য এলাকায় সরবরাহ করে প্রচুর মুনাফা অর্জন করতে চান। কিন্তু যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন না থাকায় তা করতে পারছেন না। ◀ *শিখনফল-৫ ও ৬*

ক. কোনটিকে উৎপাদনের বাহন বলা হয়? ১
খ. ব্যবসায়ের প্রত্যক্ষ সেবা বলতে কোনটিকে বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব মুকুল খানের শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব মুকুল খানের ব্যবসায়ে প্রচুর মুনাফা অর্জন করতে না পারার পেছনে কোনটির ভূমিকা আছে? বিশ্লেষণ করো। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** উৎপাদনের বাহন হলো শিল্প।

**খ** গ্রাহকদের সরাসরি কোনো সুবিধা বা সেবা দেওয়ার সাথে জড়িত অর্থনৈতিক কাজ হলো প্রত্যক্ষ সেবা।
সেবাকে কেন্দ্র করে সেবামূলক প্রতিষ্ঠানের আর্থিক কাজ পরিচালিত হয়। এটি দেখা বা স্পর্শ করা যায় না। কিন্তু প্রত্যক্ষ সেবা মানুষের প্রয়োজন পূরণে সক্ষম। যেমন: ডাক্তারি, আইন ব্যবসায়, নার্সিং।

**গ** জনাব মুকুল খানের শিল্পটি হলো প্রজনন শিল্প।
এ শিল্পে উদ্ভিদ ও প্রাণীর বংশ বাড়ানোর প্রক্রিয়ার মাধ্যমে উৎপাদন কাজ পরিচালিত হয়। প্রাকৃতিক উপায়ে গাছপালা ও প্রাণীর বংশবিস্তার করা এ শিল্পের প্রধান কাজ। নার্সারি, পোলট্রি ফার্ম, ডেইরি ফার্ম, মাছ উৎপাদন, হ্যাচারি প্রভৃতি প্রজনন শিল্পের উদাহরণ।
উদ্দীপকের জনাব মুকুল খান বরিশালের গৌরনদী উপজেলা শহরে একটি মুরগির খামার স্থাপন করেন। এর মাধ্যমে এলাকায় সফল ব্যবসায়ী হিসেবে তিনি পরিচিতি লাভ করেছেন। তিনি খামারে মুরগি লালন-পালনের মাধ্যমে ডিম উৎপাদন করেন। এ ডিম থেকে আবার বাচ্চা উৎপাদন করা হয়। এভাবে তিনি ফার্মের মুরগিগুলোকে পুনরায় উৎপাদন কাজে ব্যবহার করেন। এ কাজের সাথে প্রজনন শিল্পের বৈশিষ্ট্যের মিল আছে। তাই বলা যায়, জনাব মুকুল খানের মুরগির খামারটি প্রজনন শিল্পের অন্তর্ভুক্ত।

**ঘ** যোগাযোগ ব্যবস্থার অভাবে জনাব মুকুল খান ব্যবসায়ে প্রচুর মুনাফা অর্জন করতে পারছেন না বলে আমি মনে করি।
যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে ব্যবসায়ের পণ্যসামগ্রী এক স্থান থেকে অন্য স্থানে সময়মতো পৌঁছানো যায়। নির্দিষ্ট সময়ের মধ্যে পণ্য বা সেবা ভোক্তার কাছে পৌঁছাতে না পারলে ব্যবসায়ে সাফল্য অর্জন সম্ভব হয় না। এজন্য সুষ্ঠু যোগাযোগ ব্যবস্থা ব্যবসায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

উদ্দীপকের জনাব মুকুল খান বরিশালের গৌরনদী উপজেলায় মুরগির খামার স্থাপন করেন। এ খামারের মুরগি লালন-পালনের মাধ্যমে প্রচুর ডিম উৎপাদন করতে সক্ষম হন। ফলে তিনি এলাকায় সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি লাভ করেছেন। কিন্তু তিনি তার ফার্মের উৎপাদন ক্ষমতার পুরোপুরি ব্যবহার করতে চান। তাই উৎপাদিত ডিম তার নিজ থানা ছাড়াও বিভিন্ন এলাকায় বিক্রি করে প্রচুর মুনাফা অর্জন করতে চান।
গৌরনদী উপজেলার অন্যান্য স্থানের যোগাযোগ ব্যবস্থা ভালো নয়। ফলে উন্নত রাস্তাঘাটের অভাবে তিনি উৎপাদিত ডিম অন্য কোথাও সহজে পৌঁছাতে পারছেন না। রাস্তাঘাট ও পরিবহন ব্যবস্থা উন্নত হলে তিনি সহজে বিভিন্ন জায়গায় ডিম সরবরাহ করতে পারতেন। এতে তিনি বরিশালের অন্যান্য জায়গায় এবং পার্শ্ববর্তী জেলাগুলোতেও ডিম সরবরাহ করতে পারতেন। অতএব, কার্যকর যোগাযোগ ব্যবস্থার অভাবেই জনাব মুকুল খান প্রত্যাশিত মুনাফা অর্জনে ব্যর্থ হচ্ছেন।

**প্রশ্ন ▶৩** জনাব সাজিদ সাভারে একটি চামড়াজাত জুতার ফ্যাক্টরি স্থাপন করেন। তিনি ভালো জাতের চামড়া ও অন্যান্য উপকরণ সংগ্রহ করে তা বিদেশে রপ্তানি করেন। তার প্রস্তুতকৃত জুতা টেকসই ও গুণগতমান ভালো হওয়ায় জুতার চাহিদা ব্যাপকভাবে বাড়ছে। কিন্তু বর্তমানে দেশে হরতাল, অবরোধ, যানজট প্রভৃতি উৎপাদনে বাধা সৃষ্টি করছে। ◀ *শিখনফল-৫ ও ৮*

ক. নৈতিকতার অর্থ কী? ১
খ. প্রশিক্ষণ প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব সাজিদ কীভাবে রূপগত উপযোগ সৃষ্টি করেছে? বর্ণনা করো। ৩
ঘ. জনাব সাজিদের ফ্যাক্টরিতে সুষ্ঠু কাজের পরিবেশ ও রপ্তানি অব্যাহত রাখতে পরিবেশের কোন উপাদানটির উন্নয়ন প্রয়োজন? তোমার মতামত দাও। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** নৈতিকতা অর্থ হলো মানব আচরণের মানদণ্ড।

*সহায়ক তথ্য*
নৈতিকতা বলতে মানুষের ভালো-মন্দের বিচার করে সঠিকটি গ্রহণ করাকে বোঝায়।

**খ** প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মীদের কাজের দক্ষতা বাড়ানোর জন্য পরিচালিত শিক্ষাদান কাজ হলো প্রশিক্ষণ।
উদ্যোক্তাদের জন্য অন্যতম গুরুত্বপূর্ণ হলো প্রশিক্ষণ। এটি মানুষকে বিশেষ জ্ঞানে সমৃদ্ধ করে। এর মাধ্যমে উদ্যোক্তা নতুন বিষয়, কৌশল বা প্রক্রিয়া শিখতে পারে। পরবর্তীতে এসব তত্ত্ব ও কৌশল প্রয়োগ করে তারা দক্ষতার সাথে কাজ করতে পারে। এসব বিষয়ের জন্য উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রয়োজন।

**গ** জনাব সাজিদ চামড়া থেকে জুতা তৈরি করে পণ্যের রূপগত উপযোগ সৃষ্টি করেছেন।
প্রাকৃতিক সম্পদ প্রক্রিয়াজাত করে পণ্যের রূপগত উপযোগ সৃষ্টি করা হয়। শিল্পের মাধ্যমে এ কাজটি করা হয়। যেমন: বন থেকে কাঠ সংগ্রহের পর তা থেকে আসবাবপত্র বানানো হয়। এভাবে এর রূপগত পরিবর্তন হয়।
উদ্দীপকের জনাব সাজিদ সাভারে একটি ফ্যাক্টরি স্থাপন করেন। তার ফ্যাক্টরিতে জুতা উৎপাদন করা হয়। তার এ পণ্যের মূল কাঁচামাল হলো চামড়া। চামড়াকে প্রক্রিয়াজাত করে তিনি জুতা উৎপাদন করেন। ফলে এটি মানুষের ব্যবহার উপযোগী পণ্যে রূপান্তর হয়। এভাবে চামড়ার রূপগত পরিবর্তন হয়। সুতরাং, জনাব সাজিদ পণ্যের রূপগত উপযোগ সৃষ্টি করেছেন।

**ঘ** জনাব সাজিদের ফ্যাক্টরিতে সুষ্ঠু কাজের পরিবেশ ও রপ্তানি অব্যাহত রাখতে রাজনৈতিক পরিবেশের উন্নয়ন করা প্রয়োজন।
দেশের সরকার, আইন-শৃঙ্খলা, রাজনৈতিক দল প্রভৃতি মিলে রাজনৈতিক পরিবেশ গড়ে ওঠে। এ পরিবেশ অনুকূল হলে ব্যবসা-বাণিজ্যের উন্নয়ন করা সহজ হয়।
উদ্দীপকের জনাব সাজিদ সাভারে একটি চামড়াজাত জুতার ফ্যাক্টরি স্থাপন করেন। তিনি ভালো মানের চামড়া ও উপকরণ সংগ্রহ করে জুতা উৎপাদন করেন। উৎপাদিত জুতা বিদেশেও রপ্তানি করেন। কিন্তু বর্তমানে দেশে হরতাল, অবরোধ, যানজট প্রভৃতি তার কাজে বাধা তৈরি করছে। এগুলো রাজনৈতিক পরিবেশের উপাদান।
জনাব সাজিদের ফ্যাক্টরিতে জুতা উৎপাদন ও তা সরবরাহে পরিবেশের রাজনৈতিক উপাদানের স্থিতিশীলতা দরকার। হরতাল, অবরোধ প্রভৃতি রাজনৈতিক পরিবেশের নেতিবাচক অবস্থা। এতে তার ব্যবসায়ে স্বাভাবিক উৎপাদনে বাধা আসছে। কারণ, এ অবস্থায় পরিবহন ব্যবস্থা বন্ধ থাকে। ফলে পণ্য আনা-নেওয়া করা যায় না। তাই রপ্তানিও বন্ধ। সঠিক সময়ে কাঁচামাল সংগ্রহ করতে না পারায় উৎপাদন প্রক্রিয়াও বাধাগ্রস্ত হচ্ছে। অতএব, উক্ত ফ্যাক্টরির সুষ্ঠু কাজের পরিবেশ ও রপ্তানি অব্যাহত রাখতে রাজনৈতিক পরিবেশকে উন্নত করতে হবে।

**প্রশ্ন ▶৪** ব্যবসা-বাণিজ্যের সমৃদ্ধির কারণে বহু দেশ উন্নতির চরম শিখরে আরোহণ করেছে। একজন মানুষের ব্যক্তিগত জীবনে কিংবা একটি সমাজ জাতির সমৃদ্ধির জন্য ব্যবসায়ের অবদানের তুলনা হয় না। ◀ *শিখনফল-৪ ও ৮*

ক. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১
খ. শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. মানুষ কীভাবে পরিবেশ দ্বারা প্রভাবিত হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. আমাদের দেশের যুব সমাজের কাছে ব্যবসায়ের গুরুত্ব কতটুকু? ব্যাখ্যা করো। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য হলো মুনাফা অর্জন।

**খ** যে প্রক্রিয়ার মাধ্যমে প্রাকৃতিক সম্পদ ও কাঁচামালকে প্রক্রিয়াজাত করে মানুষের ব্যবহার উপযোগী পণ্যে রূপান্তর করা হয়, তাকে শিল্প বলে।

এটি পণ্যদ্রব্য উৎপাদনের সাথে জড়িত। সম্পদের রূপ বা আকার পরিবর্তনের মাধ্যমে শিল্প নতুন উপযোগ সৃষ্টি করে। হ্যাচারি, হাঁস-মুরগির খামার, সেতু নির্মাণ প্রভৃতি শিল্পের উদাহরণ।

**গ** পরিবেশের অনুকূল ও প্রতিকূল উপাদানের মাধ্যমে মানুষ প্রভাবিত হয়।
কোনো অঞ্চলের জনগণের জীবনধারা ও অর্থনৈতিক কাজকে প্রভাবিত করে এমন সব উপাদান নিয়ে পরিবেশ গঠিত হয়। এ উপাদানগলো হলো-মানুষের জীবনধারা, আচার-আচরণ, শিক্ষা, সংস্কৃতি প্রভৃতি। পরিবেশ অনুকূলে থাকলে মানুষ ব্যবসায় স্থাপনে আগ্রহী হয়। এতে দেশের শিল্প-বাণিজ্যের সম্প্রসারণও সহজ হয়।
উদ্দীপকে বলা হয়েছে, অনেক দেশ ব্যবসা-বাণিজ্যের সমৃদ্ধির কারণে উন্নতির চরম শিখরে আরোহণ করেছে। একজন মানুষের ব্যক্তিগত জীবনের সমৃদ্ধিতে ব্যবসায়ের অবদানের তুলনা হয় না। আবার, একটি সমাজ বা জাতির উন্নয়নেও ব্যবসায়ের ভূমিকা আছে। এ উন্নয়নের

ক্ষেত্রে পরিবেশের অনুকূল উপাদানই মুখ্য ভূমিকা পালন করে। মানুষ এগুলো কাজে লাগিয়ে নিজের ও অন্যের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারে। আবার, পরিবেশের প্রতিকূল উপাদানের কারণে মানুষের জীবনযাত্রার মান কমে যায়। সুতরাং বলা যায়, উপরিউক্তভাবে মানুষ পরিবেশের মাধ্যমে প্রভাবিত হয়।

**ঘ** আমাদের দেশের যুবসমাজের কাছে ব্যবসায়ের যথেষ্ট গুরুত্ব আছে।

বর্তমানে জীবিকা অর্জনের উপায় হিসেবে অনেকেই ব্যবসায়কে বেছে নিচ্ছে। কারণ, চাকরির চেয়ে ব্যবসায়ের মাধ্যমে দ্রুত উন্নতি করা যায়। এক্ষেত্রে ব্যক্তি তার জ্ঞান ও দক্ষতা কাজে লাগিয়ে সহজে মুনাফা অর্জন করতে পারেন।

উদ্দীপকে ব্যবসা-বাণিজ্যের গুরুত্বের কথা বলা হয়েছে। সফলভাবে ব্যবসায় করে বর্তমানে অনেক দেশ উন্নতির চরম শিখরে আরোহণ করছে। মানুষের ব্যক্তিগত জীবনের সমৃদ্ধিতে ব্যবসায়ের অবদানের তুলনা হয় না। আবার, একটি সমাজ বা জাতির উন্নয়নেও ব্যবসায়ের ভূমিকা আছে।

আমাদের দেশে চাকরির ক্ষেত্র সীমিত। কারণ, জনসংখ্যা অনুযায়ী দেশে শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা বাড়ছে না। তাই চাকরির সুযোগও দিন দিন কমছে। ফলে বেকারত্ব কমাতে যুব সমাজের ব্যবসায়ের গুরুত্ব অনুধাবন করা উচিত। তারা নিজেদের জ্ঞান ও দক্ষতাকে কাজে লাগিয়ে অর্থ উপার্জনের জন্য ব্যবসায় স্থাপন করতে পারে। এক্ষেত্রে শিল্প, বাণিজ্য ও সেবার বিভিন্ন ক্ষেত্র তারা বেছে নিতে পারে। এতে ব্যবসা-বাণিজ্যের উন্নয়নের মাধ্যমে দেশের জাতীয় আয় বাড়ার সম্ভাবনা তৈরি হবে। অতএব, চাকরির সুযোগ সীমিত থাকায় বর্তমানে আমাদের দেশের যুব সমাজের উচিত ব্যবসায়ে নিয়োজিত হওয়া।

## প্রশ্নব্যাংক

**প্রশ্ন ▶ ৫** তিন পুরুষ ধরে আজাদদের টাঙ্গাইল শাড়ির ব্যবসায়। নিজস্ব তাঁতে শাড়ি তৈরি হয়। তবে নতুনত্ব নেই। আজাদ ফ্যাশন ডিজাইনিংয়ের ওপর কোর্স করে এক বন্ধুর কাছ থেকে কারিগরি সাহায্য নিয়ে ব্যবসায়ে নতুনত্ব এনে আশাতীত সাফল্য পেল।

*◀ শিখনফল-৮*

ক. 'ক্ষুদ্র বন্দর' কোনটি? ১

খ. সেবা শিল্প বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. আজাদের পারিবারিক ব্যবসায়, ব্যবসায়ের কোন পরিবেশের অবদান? ব্যাখ্যা করো। ৩

ঘ. আজাদের ব্যবসায়ে সফলতা অর্জনের কারণ বিশ্লেষণ করো। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** ক্ষুদ্র বন্দর হচ্ছে 'সপ্তগ্রাম'।

**খ** যে শিল্প মানুষের জীবনকে সহজ ও আরামদায়ক করার কাজে নিয়োজিত থাকে, তাকে সেবা শিল্প বলে।

গ্যাস, বিদ্যুৎ ও পানি সরবরাহ, টেলিফোন, পর্যটন, হাসপাতাল প্রভৃতি এ শিল্পের অন্তর্গত। যন্ত্রপাতি বা স্থায়ী সম্পদ ও মেধাসম্পদ ব্যবহারের মাধ্যমে এসব সেবামূলক কাজ করা হয়।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ব্যবসায়ের সামাজিক পরিবেশের ঐতিহ্য সম্পর্কে আলোচনা করো।

**ঘ** পণ্যে সৃজনশীলতা ও নতুনত্ব আনার গুরুত্ব আলোচনা করো।

**প্রশ্ন ▶ ৬** জনাব সুমন একজন জুস উৎপাদক। আমের মৌসুমে দাম কম হওয়ায় তিনি প্রচুর আম সংগ্রহ করেন। আম সংরক্ষণের ব্যবস্থা নেওয়ার জন্য প্রচুর অর্থের প্রয়োজন হওয়ায় তিনি তা আর্থিক প্রতিষ্ঠান থেকে ব্যবস্থা করেন। চীন থেকে আমদানিকৃত জুস মেশিন ও শ্রমিকদের কাজের পারদর্শিতায় তার ব্যবসায় বেশ ভালো চলছে।

*◀ শিখনফল-৪ ও ৬*

ক. স্বত্বগত বাধা কীভাবে দূর হয়? ১

খ. বিপণন কী? ব্যাখ্যা করো। ২

গ. আম সংরক্ষণে জনাব সুমন বাণিজ্যের কোন ব্যবস্থাটি গ্রহণ করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবসায় ভালো চলায় ব্যবসায়িক পরিবেশ জনাব সুমনকে যথেষ্ট সহায়তা করেছে —বিশ্লেষণ করো। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** স্বত্বগত বাধা কেনা-বেচার মাধ্যমে দূর হয়।

**খ** সাধারণ অর্থে, পণ্যদ্রব্য বা সেবাসামগ্রী কেনা-বেচার কাজকে বিপণন বা বাজারজাতকরণ বলে।

বিপণনের ফলে উৎপাদনকারীর উৎপাদিত পণ্য ভোগকারীর কাছে পৌঁছায়। উৎপাদক ও ভোক্তার মধ্যে সেতুবন্ধ স্থাপন করা বিপণনের কাজ। এজন্য ক্রয়-বিক্রয়, পরিবহন, গুদামজাতকরণ, প্রমিতকরণ, পর্যায়িতকরণ ইত্যাদি কাজ সম্পন্ন করতে হয়।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** পণ্য গুদামজাতকরণের বৈশিষ্ট্য আলোচনা করো।

**ঘ** ব্যবসায়ের অর্থনৈতিক ও প্রযুক্তিগত উপাদানের গুরুত্ব লেখো।

**প্রশ্ন ▶ ৭** মি. আরিফ ইংল্যান্ড থেকে সিএ পাস করে এসে বাবার স্বনামধন্য অডিট ফার্মের দায়িত্ব নেন। স্বাধীনভাবে জীবিকা নির্বাহ করতে পেরে আরিফ সমাজের একজন প্রভাবশালী ব্যবসায়ী হিসেবে পরিগণিত হলেন। জনগণের কাছাকাছি থেকে সেবা দিতে পেরে নিজেকে সমাজের অন্যতম ব্যক্তি হিসেবে দাবি করেন। *◀ শিখনফল-২ ও ৭*

ক. ঐতিহ্য ব্যবসায়িক পরিবেশের কোন উপাদানের অন্তর্গত? ১

খ. বাণিজ্য পণ্যের কোন কোন বাধা দূর করে? ব্যাখ্যা করো। ২

গ. মি. আরিফের অডিট ফার্মটি ব্যবসায়ের কোন শ্রেণিতে পড়ে? বর্ণনা করো। ৩

ঘ. মি. আরিফকে ব্যবসায়ী বলা যায় কিনা তা বিশ্লেষণ করো। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** ঐতিহ্য ব্যবসায়ের সামাজিক পরিবেশের অন্তর্গত উপাদান।

**খ** বাণিজ্য পণ্যের ৬ ধরনের বাধা (স্বত্বগত, স্থানগত, সময়গত, অর্থগত, ঝুঁকিগত ও তথ্যগত) দূর করে।

পণ্য বিনিময়ের মাধ্যমে স্বত্বগত বাধা দূর করা যায়। পরিবহনের মাধ্যমে পণ্যের স্থানগত বাধা দূর হয়। গুদামজাতকরণ পণ্যের স্থানগত বাধা দূর করে। ব্যাংকিং ব্যবস্থা অর্থগত বাধা দূর করে। বিমা ব্যবস্থা পণ্যের ঝুঁকিগত বাধা এবং বিজ্ঞাপন পণ্যের তথ্যগত বাধা দূর করে। এভাবে বাণিজ্য পণ্যের ৬ ধরনের বাধা দূর করে থাকে।

*সুপার টিপ্স: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** প্রত্যক্ষ সেবার বৈশিষ্ট্য আলোচনা করো।

**ঘ** একজন ব্যবসায়ীর বৈশিষ্ট্য লেখো।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. কোনটি ব্যবসায় উৎপত্তির মূল কারণ?**
K প্রয়োজনবোধ L দায়বোধ
M অভাববোধ N চাহিদাবোধ

**২. কোন উপাদানটি বাণিজ্যের অন্তর্ভুক্ত?**
K বিমা L উৎপাদন
M রাস্তা নির্মাণ N অডিট ফার্ম

**৩. আধুনিক ব্যবসায়ের প্রধান শাখাগুলো হলো—**
i. শিল্প ii. বাণিজ্য
iii. প্রত্যক্ষ সেবা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৪. ব্যবসায়ের সময়গত বাধা দূর করে কোনটি?**
K গুদামজাতকরণ L বিমা
M ব্যাংকিং N পরিবহন

**৫. মানবসম্পদ কোন পরিবেশের অন্তর্ভুক্ত?**
K প্রাকৃতিক L সামাজিক
M অর্থনৈতিক N রাজনৈতিক

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**
রবিন ডাক্তারি পাস করে পরিবারের অন্য সদস্যদের সাথে একটি ক্লিনিক প্রতিষ্ঠা করে কম ফি নিয়ে রোগীদের সেবা দেন।

**৬. রবিনের ব্যবসায়ের ধরন কী?**
K উৎপাদন শিল্প L নির্মাণ শিল্প
M পণ্য বিনিময় N প্রত্যক্ষ সেবা

**৭. সামাজিক পরিবেশের যেসব উপাদান রবিনের ব্যবসায়কে প্রভাবিত করে—**
i. শিক্ষা ii. ধর্মীয় বিশ্বাস
iii. ঐতিহ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৮. ভোক্তার কাছে পণ্য বা সেবা প্রেরণের সব বাধা দূর করে কোনটি?**
K ব্যবসায় L শিল্প
M বাণিজ্য N উৎপাদন

**৯. আধুনিক ব্যবসায়কে প্রধানত কয়ভাগে ভাগ করা যায়?**
K দুই L তিন
M চার N পাঁচ

**১০. হিসাব নিরীক্ষা কোন ধরনের পেশা?**
K ব্যবসায় L শিল্প
M বাণিজ্য N প্রত্যক্ষ সেবা

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
বাংলাদেশের উন্নতির বড় অন্তরায় হলো জনগণের শিক্ষা ও সচেতনতার অভাব। আনোয়ার ভাবে, এ দেশের বেশি জনসংখ্যাকে যদি শিক্ষিত, দক্ষ ও উদ্যমী করে গড়ে তোলা যায় তবে দেশের মঙ্গল হবে।

**১১. আনোয়ার কোন ধরনের পরিবেশ নিয়ে ভাবছে?**
K অর্থনৈতিক
L রাজনৈতিক
M বিজ্ঞান ও প্রযুক্তিগত
N সামাজিক

**১২. উক্ত পরিবেশের উন্নয়নে করণীয় হতে পারে—**
i. প্রশিক্ষণের সুযোগ তৈরি
ii. কর্মমুখী শিক্ষা ব্যবস্থার প্রবর্তন
iii. সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. মধ্য যুগে প্রচলন ঘটে কোনটি?**
K বাজার L কাগজি মুদ্রা
M দ্রব্য বিনিময় N ধাতব মুদ্রা

**১৪. মানুষের জীবনযাত্রা সহজ ও আরামদায়ক করে—**
i. গ্যাস উৎপাদন ও বিতরণ
ii. ব্যাংকিং ও স্বাস্থ্যসেবা
iii. রাস্তাঘাট ও সেতু নির্মাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৫. ব্যবসায় টু ব্যবসায় বলা হয় কোনটিকে?**
K শিল্প L তথ্য
M বাণিজ্য N সেবা

**১৬. পণ্যদ্রব্য উৎপাদন সংক্রান্ত কাজকে কী বলে?**
K শিল্প L ব্যবসায়
M বাণিজ্য N পেশা

**১৭. মিস সালমা কম মূলধন নিয়ে একটি মৌসুমি ফুলের নার্সারি স্থাপন করেন। এটি কোন শিল্পের অন্তর্ভুক্ত?**
K প্রজনন L উৎপাদন
M নিষ্কাশন N নির্মাণ

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**
সালমানদের একটি নার্সারি আছে। সেখানে তারা বিভিন্ন প্রকার ফুল ও ফলের চারা উৎপাদন করে বিক্রি করে। তাদের বাড়ির মাটি চারা গাছ উৎপাদন ও লালনের জন্যও উপযুক্ত। ফলে নার্সারির চারাগাছগুলোর মানও বেশ ভালো।

**১৮. সালমানদের নার্সারিটি কোন ধরনের শিল্প?**
K সেবা L নির্মাণ
M উৎপাদন N প্রজনন

**১৯. সালমানদের নার্সারির চারাগাছগুলোর মান উন্নত হওয়ার প্রধান কারণ কোনটি?**
K প্রাকৃতিক L সামাজিক
M সাংস্কৃতিক N অর্থনৈতিক

**২০. শিল্পকে কয় ভাগে ভাগ করা হয়?**
K তিন L চার
M পাঁচ N ছয়

**২১. এটিএম কার্ডের প্রচলন হয় কোন যুগে?**
K প্রাচীন L মধ্য
M আধুনিক N বিনিময়

**২২. কোনটি সামাজিক পরিবেশের উপাদান?**
K জলবায়ু L ভূমি
M মানবসম্পদ N আইন-শৃঙ্খলা

**২৩. ব্যবসায়ের উৎপত্তি ও ক্রমবিকাশের ধারা কয়টি পর্যায়ে বিভক্ত করা যায়?**
K ৫ L ৪
M ৩ N ২

**উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।**
রবিন গঞ্জে একটা মুদি দোকান চালায়। সে শহর থেকে মালামাল কিনে এনে দোকানে বিক্রি করে। পুঁজি কম থাকায় বেশি মাল একত্রে আনতে পারে না। এজন্য বার বার মাল কিনতে যাওয়ায় বিভিন্ন সমস্যা হয়। সে মনে করে পুঁজি বেশি থাকলে সে অনেক সমস্যা কাটিয়ে উঠতে পারত।

**২৪. রবিন বাণিজ্যের কোন ধরনের বাধা দূর করে?**
K ব্যক্তিগত L স্থানগত
M রূপগত N কালগত

**২৫. বার বার শহরে মাল কিনতে যাওয়ায় রবিনের যে সমস্যা হয়, তা হলো—**
i. পরিবহন ব্যয় বাড়ে
ii. কম মাল কেনায় দাম বেশি পড়ে
iii. মাঝে-মধ্যেই দোকান বন্ধ রাখতে হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৬. ব্যবসায়ের ক্রমবিকাশের মধ্যযুগের পর্যায় কোনটি?**
K দ্রব্য বিনিময়
L প্রযুক্তির উন্নয়ন
M কাগজি মুদ্রার প্রচলন
N ব্যাংক ও বিমা ব্যবস্থার সম্প্রসারণ

**২৭. ব্যবসায়ের মাধ্যমে সহজ—**
i. সম্পদের যথাযথ ব্যবহার
ii. দেশের অর্থনৈতিক উন্নয়ন
iii. তেল ও গ্যাস উত্তোলন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. আইনের দৃষ্টিতে কোন কাজ ব্যবসায়ের অন্তর্ভুক্ত?**
K মুনাফা অর্জনের জন্য পরিচালিত কাজ
L বৈধতার সাথে পরিচালিত কাজ
M সামাজিক উন্নয়নে পরিচালিত কাজ
N অর্থনৈতিক উন্নয়নে পরিচালিত কাজ

**২৯. উৎপাদিত পণ্যের পরিমাণ ও গুণগত মান বাড়ে কোন পরিবেশের প্রভাবে?**
K প্রাকৃতিক L অর্থনৈতিক
M সামাজিক N প্রযুক্তিগত

**৩০. বৃহদায়তন উৎপাদন ও বণ্টন ব্যবস্থার প্রচলন কোন যুগের উদ্ভব?**
K প্রাচীন L মধ্য
M অর্থ বিনিময় N আধুনিক

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** সাকিব ঢাকা মেডিকেল কলেজ থেকে ডাক্তারি পাস করে কোনো হাসপাতালে যোগদান না করে নিজে একটি চেম্বার খুলে রোগীদের সেবাদানের সিদ্ধান্ত নেন। তবে, নিজের কাছে পর্যাপ্ত পরিমাণ অর্থ না থাকায় ব্যাংক থেকে ঋণ নিয়ে তিনি উত্তরাতে একটি চেম্বার তৈরি করেন।

ক. পণ্য বিনিময় কী? ১
খ. ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখাটি বর্ণনা করো। ২
গ. সাকিবের কাজটি ব্যবসায়ের কোন শাখার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. সাকিবের চেম্বার তৈরি করতে ব্যবসায়ের কোন পরিবেশের প্রভাব রয়েছে? উদ্দীপকে বর্ণিত ব্যবসায়ের উপযুক্ত পরিবেশের প্রভাব মূল্যায়ন করো। ৪

**২.▶** জনাব আরাফাত একজন আসবাবপত্র বিক্রেতা। তিনি চট্টগ্রাম থেকে কাঠ ক্রয় করে ঢাকায় এনে প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে আসবাবপত্র তৈরি করেন। ক্রেতা চাহিদার কারণে তিনি আজ একজন সফল ব্যবসায়ী।

ক. ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা কোনটি? ১
খ. ব্যবসায়ের আইনগত পরিবেশ বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আরাফাতের কাজটি ব্যবসায়ের কোন শাখার অন্তর্ভুক্ত? বর্ণনা করো। ৩
ঘ. জনাব আরাফাতের সফলতার পেছনে কিসের ভূমিকা রয়েছে? বিশ্লেষণ করো। ৪

**৩.▶** হাতেম আলী একজন কৃষক। তিনি জমি চাষ করার জন্য একজোড়া গরু কিনলেন। তার স্ত্রী বাজার থেকে কাপড় কিনে এনে নিজের সন্তানের জন্য জামা তৈরি করলেন এবং কিছু জামা বাজারে বিক্রি করলেন।

ক. বাণিজ্য কী? ১
খ. উৎপাদনের বাহন কোনটি? ব্যাখ্যা করো। ২
গ. হাতেম আলীর গরু কেনার কাজটি ব্যবসায় কি না? ব্যাখ্যা করো। ৩
ঘ. হাতেম আলীর স্ত্রীর কাজটি ব্যবসায়িক দৃষ্টিতে মূল্যায়ন করো। ৪

**৪.▶** মাইজদী শহরে জুয়েল ওয়েল্ডিং মেশিনের দোকান স্থাপন করেন। তিনি ক্রেতাদের ফরমায়েশ অনুযায়ী জানালার গ্রিল, গাড়ির যন্ত্রপাতিসহ অনেক কিছু তৈরি করেন। অন্যদিকে, তার বন্ধু ফরহাদ মুদির দোকান স্থাপন করেছেন। বিভিন্ন উৎস থেকে বিভিন্ন ধরনের মাল কিনে এনে বাজারে বিক্রি করেন। প্রতিদিন পণ্য সংগ্রহ আর বিভিন্ন ধরনের গ্রাহকের সাথে লেনদেনে তার ব্যস্ততা জুয়েলের চেয়ে অনেক বেশি।

ক. ব্যবসায়কে প্রধানত কয় ভাগে ভাগ করা হয়েছে? ১
খ. বাংলাদেশের ব্যবসায়িক পরিবেশের প্রাকৃতিক উপাদান সম্পর্কে লেখো। ২
গ. জুয়েলের কাজ কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'ফরহাদের ব্যবসায়ের কাজ জুয়েলের ব্যবসায়ের কাজ অপেক্ষা কষ্টকর' তুমি কি একমত? উত্তরে সপক্ষে যুক্তি দাও। ৪

**৫.▶** জনাব এখলাছ 'এ কে টিম্বার স' মিল-এর মালিক। তিনি নিজে কাঠ কেটে নিজের কারখানায় আসবাবপত্র তৈরি করেন। আসবাবপত্র তৈরি করে নিজের ভ্যানে ক্রেতাদের কাছে পৌঁছে দেন। এখলাছ সাহেব অনেক সময় বাকিতে পণ্য সরবরাহ করায় ক্রেতারাও তার প্রতি আস্থা রাখে। ফলে দিন দিন জনাব এখলাছের ব্যবসায়ের সফলতা বাড়ছে।

ক. শিল্প কী? ১
খ. সামাজিক পরিবেশের উপাদানগুলো কী কী? ২
গ. জনাব এখলাছের ব্যবসায় কোন শিল্পের সাথে জড়িত? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব এখলাছের ব্যবসায় সফলতা লাভের কারণ বিশ্লেষণ করো। ৪

**৬.▶** নারায়ণগঞ্জ জেলার মরদাসাদী অঞ্চলে প্রচুর পরিমাণে আখ জন্মে। জনাব আঃ কাইউম ও তার বন্ধুরা এ অঞ্চলে আখের গুড় তৈরির কারখানা প্রতিষ্ঠা করে বিশাল আকারে উৎপাদন শুরু করেন। তাদের উৎপাদিত আখের গুড় জেলার বড় শহরগুলোসহ ঢাকা ও দেশের অন্যান্য স্থানে পৌঁছে যাচ্ছে। এ গুড়ের বেশি চাহিদা থাকার ফলে বিক্রয় ও মুনাফার পরিমাণ সন্তোষজনক।

ক. পরিবেশ কী? ১
খ. ব্যবসায়ের তথ্যগত বাধা কীভাবে দূর হয়? ব্যাখ্যা করো। ২
গ. নারায়ণগঞ্জের জনাব আঃ কাইউমের উৎপাদিত আখের গুড় ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে সরবরাহের মাধ্যমে যে ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আঃ কাইউমের সফল ব্যবসায়ী হতে যে পরিবেশের উপাদান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে তা মূল্যায়ন করো। ৪

**৭.▶** বাংলাদেশের একটি অন্যতম ফার্নিচার তৈরি ও সরবরাহকারী প্রতিষ্ঠান হলো অটবি। অটবি কোম্পানি ক্রেতাদের কাছ থেকে পণ্যমূল্য আদায়ের জন্য বিভিন্ন ধরনের ব্যাংকিং কার্ড নিয়ে থাকে। ডেবিট ও ক্রেডিট কার্ড ব্যবহারের সুযোগ থাকায় অটবিতে বেশি গ্রাহকের সমাগম ঘটে। কোম্পানি আর্থিক সংকটের সময় ব্যাংকিং প্রতিষ্ঠানের সহায়তা নেয়।

ক. বিনিময় প্রথা কী? ১
খ. কীভাবে পণ্যের সময়গত উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২
গ. অটবির লেনদেন সম্পাদনে ব্যবসায়ের কোন যুগের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. অটবির মতো ব্যবসায় প্রতিষ্ঠানের সহায়তায় ব্যাংকিং কার্যক্রমের ভূমিকা মূল্যায়ন করো। ৪

**৮.▶** অভাবের কারণে সুমন পড়াশোনা করেনি। তাই নিজেদের একটি অনাবাদি পুকুর সংস্কার করে মাছের রেণু ছেড়েছে। তাছাড়া এনজিও থেকে ঋণ নিয়ে একটি মুরগির খামার গড়ে তুলেছে। কিন্তু হঠাৎ রোগে অনেক মুরগি মারা যাওয়ায় সে ব্যবসায় নিয়ে চিন্তিত। তার পরিচিত এক পশুপালন কর্মকর্তা তাকে প্রশিক্ষণ নেওয়ার জন্য পরামর্শ দিলেন।

ক. ঐতিহ্য কোন পরিবেশের উপাদান? ১
খ. শিল্পকে উৎপাদনের বাহন হিসেবে বিবেচনা করা হয় কেন? ২
গ. সুমনের শিল্পটি কোন ধরনের তা ব্যাখ্যা করো। ৩
ঘ. সুমনের চিন্তার সাথে ব্যবসায়ের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা বিশ্লেষণ করো। ৪

**৯.▶** নেত্রকোনার ওসমান গণি মালয়েশিয়া থেকে দেশে ফেরার সময় রামবুটান ফল নিয়ে আসেন। বীজ বপন করেন বাড়ির পাশে। উর্বর মাটি, অনুকূল আবহাওয়ায় নতুন চারা গজায়। এক সময় ফল ধরতে শুরু করে। বর্তমানে বছরে আড়াই লাখ টাকার ফল বিক্রি করছে। গড়ে তুলেছেন রামবুটানের নার্সারি।

ক. ব্যবসায় কাকে বলে? ১
খ. 'ব্যবসায় দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখছে'— ব্যাখ্যা করো। ২
গ. রামবুটানের নার্সারি ব্যবসায়ের কোন শাখার অন্তর্ভুক্ত তা ব্যাখ্যা করো। ৩
ঘ. ওসমান গণির এ সাফল্যে ব্যবসায়িক পরিবেশের কোন উপাদান মুখ্য ভূমিকা রাখছে বলে তুমি মনে করো? ৪

**১০.▶** কংসনগরের আলু চাষি জমিরের জমিতে এ বছর বেশি ফলন হওয়ায় সে সংরক্ষণের প্রয়োজনীয়তা অনুভব করছে। এ এলাকায় অধিকাংশ কৃষক রবি মৌসুমে আলুর চাষ করে থাকে। ব্যাংক ঋণের সুবিধা পেলে আলু দিয়ে তৈরি সামগ্রীর একটি কারখানা এখানে স্থাপন করা যায়। এখানে আলু সংরক্ষণের সুবিধার ব্যবস্থা হলে অন্যান্য চাষিরাও আলু চাষে এগিয়ে আসবে।

ক. প্রত্যক্ষ সেবা কী? ১
খ. ব্যবসায় পরিবেশ সম্পর্কে ধারণা থাকা প্রয়োজন কেন— ব্যাখ্যা করো। ২
গ. জমিরের এলাকার চাষিদের বাণিজ্যিক বাধা কীভাবে দূর করা যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. উপর্যুক্ত আলু চাষিদের ব্যবসায় পরিবেশের কোন উপাদানের সহায়তা পরিলক্ষিত হয়? বিশ্লেষণ করো। ৪

**১১.▶** স্বল্পশিক্ষিত আজিজ একটি নার্সারির মালিক। নার্সারি ব্যবসায়ের মাধ্যমে তিনি স্বাবলম্বী হয়ে ওঠেন। হঠাৎ করে গত আইলায় তার ব্যবসায়ে বেশ ক্ষতিসাধন হয়। এতে তার ব্যবসায় বন্ধ হবার উপক্রম হয়। পরে স্থানীয় ব্যাংক থেকে ঋণ নিয়ে আবার ব্যবসায় শুরু করেন। তিনি সফলতা অর্জন করেন।

ক. ব্যবসায় পরিবেশ বলতে কী বোঝ? ১
খ. সামাজিক পরিবেশ বলতে কী বোঝ? ২
গ. আজিজের ব্যবসায়টি কোন পরিবেশের দ্বারা প্রভাবিত হয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. আজিজের ব্যবসায়ে সফলতার পেছনে মূল কারণ কোনটি? বিশ্লেষণ করো। ৪

### উত্তরমালা: নিজেকে যাচাই করি

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | N | ৪ | K | ৫ | L | ৬ | N | ৭ | L | ৮ | M | ৯ | L | ১০ | N | ১১ | N | ১২ | M | ১৩ | L | ১৪ | K | ১৫ | M |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | N | ১৯ | K | ২০ | M | ২১ | M | ২২ | M | ২৩ | M | ২৪ | L | ২৫ | N | ২৬ | M | ২৭ | K | ২৮ | L | ২৯ | N | ৩০ | N |